

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৭২০

আগরতলা, ৬ জুনাই, ২০২৪

**ত্রিপুরা হাটিকালচার কর্পোরেশন লিমিটেড প্রাঙ্গণে বনমহোৎসব**

**সমগ্র বিশ্বে ব্যাপকহারে বন ধূসের প্রভাব পরিবেশের উপর পড়ছে : পর্যটনমন্ত্রী**

সমগ্র বিশ্বে ব্যাপকহারে বন ধূসের প্রভাব পরিবেশের উপর পড়ছে। বিশ্বের তাপমাত্রা যেমন ক্রমেই বাড়ছে তেমনি আবহাওয়ার খামখেয়ালির কারণে বিভিন্ন জায়গায় বিপর্যয় দেখা দিচ্ছে। এই অবস্থা থেকে পরিভ্রান্তের একমাত্র উপায় ব্যাপকহারে বৃক্ষ রোপন করা। আজ বিকালে এমবিটিলাস্থিত ত্রিপুরা হাটিকালচার কর্পোরেশন লিমিটেড (টিএইচসিএল) প্রাঙ্গণে টিএইচসিএল আয়োজিত বনমহোৎসবের উদ্বোধন করে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। তিনি বলেন, শুধু নিজেকে নয়, পরবর্তী প্রজন্মকে সুরক্ষিত রাখতে সর্বপরি সমগ্র সমাজকে সুন্দর রাখার স্বার্থে ব্যাপকহারে গাছ লাগানো প্রয়োজন। যথাযথভাবে বৃক্ষরোপন কারা না হলে মানব সভ্যতা হৃষিকর মুখে পড়বে। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং রাজ্যের মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহার আহ্বানে সাড়া দিয়ে রাজ্যও এখন প্রচুর বৃক্ষ রোপন করা হচ্ছে। স্বেচ্ছা রক্তদানের মতো বৃক্ষ রোপনের ক্ষেত্রেও আমাদের ছোটো রাজ্য ত্রিপুরা দেশের মধ্যে সামনের সাড়িতে থাকার লক্ষ্যে এগিয়ে চলেছে। নিম্নের মতো পরিবেশবান্ধব গাছ বেশী করে লাগানোর উপর গুরুত্ব আরোপ করে পর্যটনমন্ত্রী বলেন, পরিবেশ ভাল রাখতে না পারলে আমরা কোনভাবেই সুস্থ সমাজ গড়ে তুলতে পারবনা। তিনি শুধুমাত্র একটি বিশেষ সময়ের দিকে লক্ষ্য না রেখে বছরের সবসময়ই বৃক্ষ রোপন করার জন্য সবার প্রতি আহ্বান জানিয়েছেন।

অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে বিধায়ক মীনারাণী সরকার বলেন, আমাদের রাজ্যে সারা বছরই গাছ লাগানো হয়ে থাকে। তবে এই গাছগুলিকে পরিচর্যা করা খুবই জরুরী। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে আগরতলা পুরনিগমনের ডেপুটি মেয়র মণিকা দাস দ্বারা বলেন, মায়ের নামে একটি করে গাছ লাগানোর জন্য দেশের প্রধানমন্ত্রী দেশবাসীর প্রতি যে আহ্বান জানিয়েছেন তাতে সাড়া দিয়ে গাছ লাগানোর মতো মহান কাজে সবাই এগিয়ে এলে গোটা সমাজ উপকৃত হবে। আগরতলা পুরনিগমনের দক্ষিণ জোনালের চেয়ারম্যান অভিজিৎ মল্লিক বলেন, মানব জীবনকে বাঁচিয়ে রাখার লক্ষ্যে বৃক্ষ রোপন করা ভীষণ জরুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন টিএইচসিএল-র চেয়ারম্যান জহর সাহা। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন টিএইচসিএল-র এমডি ড. ফনিভূষণ জমাতিয়া। অনুষ্ঠানে বিশিষ্ট অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমনের কর্পোরেটর প্রসেনজিৎ লোথ, কর্পোরেটর অলক রায়, কর্পোরেটর সম্পা সরকার চৌধুরী প্রমুখ। অনুষ্ঠান শেষে অতিথিগণ হাটিকালচার কর্পোরেশন লিমিটেড কার্যালয় প্রাঙ্গণে বৃক্ষ রোপন করেন।

\*\*\*\*\*